



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



তারিখ: ১০ অগ্রহাষণ ১৪২৭

২৫ নভেম্বর ২০২০

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.২০.৪৪২

বিষয়: **মোঃ জাহাঙ্গীর আলম সিদ্দিকী এর চন্দ্রপাড়া সুলতানিয়া আলিয়া মাদ্রাসা ও এতিমখানার প্রভাষক (ইনডেক্স-৩৪৪২৩৮) কে বিধি ভঙ্গ, তথ্য গোপন ও দুর্নীতির মাধ্যমে অধ্যক্ষ পদে নিয়োগ এর বিরুদ্ধে অভিযোগ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার সদরপুর উপজেলাধীন আরশাদ আলী মিয়া মহিলা কলেজের এর প্রতিষ্ঠাতা সদস্য জনাব এস এম আব্দুল্লাহ নিয়মিত গভর্নিং বডি গঠনের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৩৮৪৮/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ ১৩/১১/২০১৮খ্রি. তারিখে সচিব, গংকে বিবাদী করে রুল জারি করেন এবং অন্তর্বর্তীকালীন আদেশ জারি করে। এ অন্তর্বর্তীকালীন আদেশে ২ নং বিবাদীকে অর্থাৎ উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়কে আবেদন নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন।

মহামান্য হাইকোর্টের আদেশ অনুযায়ী উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার কনটেন্ট পিটিশন নং ১৬৪/২০১৯ দায়ের করেন। উক্ত কনটেন্ট মামলায় সচিব, গংকে বিবাদী করে রুল জারি করা হয়। ১৫/১০/২০১৯খ্রি. তারিখের আদেশে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ ০২ (দুই) মাসের মধ্যে নিষ্পত্তি করার জন্য আদেশ প্রদান করেন। ২৫/০৮/২০২০খ্রি. তারিখে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে ৮নং বিবাদী অন্তর্ভুক্ত করা হয়। এখানে উল্লেখ্য যে, ১৬/৯/২০১৮খ্রি. তারিখের যে আবেদনটি নিষ্পত্তি করার জন্য নির্দেশ দেন, সেই আবেদনের ১৩ নং ক্রমিকের বিষয়বস্তুটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তির এখতিয়ারাধীন বিষয় ১৩ নং ক্রমিকের বিষয়টি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে নিষ্পত্তি করা প্রয়োজন।

উক্ত বিষয়ে আইন উপদেষ্টার মতামত: মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৩৮৪৮/২০১৮ এর আদেশের প্রেক্ষিতে পিটিশনারের ১৬/৯/২০১৮খ্রি. তারিখের আবেদনের ১৩ নং ক্রমিকের বিষয়টি নিষ্পত্তি করতে হবে এবং একই সাথে নিষ্পত্তির বিষয়টি পিটিশনারকে অবহিত করতে হবে।

পিটিশনারের ১৬/৯/২০১৮খ্রি. তারিখের আবেদনের ১৩ নং ক্রমিকের বিষয়বস্তু: অধ্যক্ষ মোঃ জাহাঙ্গীর আলম সিদ্দিকীর দুইটি স্বতন্ত্র এমপিও যথা: কলেজের প্রভাষক, ইনডেক্স নং-৩০০৬৫০৩ ও মাদ্রাসা প্রভাষক, ইনডেক্স নং- ৩৪৪২৩৮। অডিট প্রতিবেদন ২৫/০২/২০০৬ ও ০৫/১১/২০১৪ অনুযায়ী ০৪/০৩/২০০০খ্রি. তারিখে উক্ত কলেজে অধ্যক্ষ পদে যোগদান করে মে/০৪ হতে অক্টোবর/০৪ পর্যন্ত ৬ মাস প্রভাষকের বেতন উত্তোলন করেন। নভেম্বর/০৪ হতে মাদ্রাসা প্রভাষক ইনডেক্স ৩৪৪২৩৮কে কনভার্ট করে উক্ত কলেজের অধ্যক্ষের বেতন উত্তোলন করিয়া আসছেন। বর্ণিত অভিযোগের বিষয়ে সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.২০.২০০, তারিখ-০৪/০৭/২০২০খ্রি. মোতাবেক জনাব আশেকুল হক, সহকারী পরিচালক(এইচ.আর.এম) কে নির্দেশক্রমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। কিন্তু তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেননি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত করে ০৭ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-১১-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

সহকারী পরিচালক-১এইচআরএম ইউনিট মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা  
ভবন, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.২০.৪৪২/১(৩)

তারিখ: ১০ অগ্রহাষণ ১৪২৭

২৫ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, আরশাদ আলী মিয়া মহিলা কলেজ, সদরপুর, ফরিদপুর।
- ২) এস এম আব্দুল্লাহ, প্রতিষ্ঠাতা সদস্য, আরশাদ আলী মিয়া মহিলা কলেজ, সদরপুর, ফরিদপুর।
- ৩) এম এম আহসান উল্লাহ, দাতা সদস্য, আরশাদ আলী মিয়া মহিলা কলেজ, সদরপুর, ফরিদপুর

২৫-১১-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক